নং ০৯.০০.০০০০.১২৬.১৪.০০৪.১৭-১৫৩—প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন Fourth Primary Education Development Program (PEDP-4)-শীর্ষক কর্মসূচির জন্য এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর ৫০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা গ্রহণ সংক্রান্ত লোন নেগোসিয়েশনের লক্ষ্যে বাংলাদেশ সরকার পক্ষে-এর নিম্নোক্তভাবে প্রতিনিধিদল গঠন করা হলো :

(i)	জনাব মুহাঃ আলকামা সিদ্দিকী, অতিরিক্ত সচিব (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	দলনেতা
(ii)	জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমেদ, অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	সদস্য
(iii)	জনাব গোলাম মোঃ হাসিবুল আলম, অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	"
(iv)	জনাব মহেশ চন্দ্র রায়, যুগ্ম সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	"
(v)	জনাব মোঃ রফিকুল হাসান, উপসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	"
(vi)	জনাব মোহাম্মদ সাইদুল ইসলাম, উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	"
(vii)	জনাব মোহাম্মদ ফখরুল আলম, প্রথম সচিব, জাতীয় রাজস্ব বোর্ড	"
(viii)	জনাব মোঃ মনছুরুল আলম, উপ-প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	"
(ix)	ড. ইমতিয়াজ মাহমুদ, উপপ্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন	"
(x)	জনাব মোঃ আব্দুল্লাহ আল-মামুন, পরিচালক (শিক্ষা), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	"
(xi)	জনাব মোঃ আলাউদ্দীন ভূঞা জনি, সহকারী প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	"
(xii)	মিজ রোকসানা খাঁন, উপসচিব, বিশ্বব্যাংক অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	"
(xiii)	মিজ নাহিদ সুলতানা মল্লিক, উপসচিব, ফাবা ও আইসিটি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	"
(xiv)	সৈয়দা আমিনা ফাহমীন, উপসচিব, এডিবি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	"

০২। **নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান :**

তারিখ	সময়	স্থান
০৯ আগস্ট ২০১৮	সকাল ১০:০০ টা থেকে শুরু	এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা

৩। উপরে বর্ণিত লোন নেগোসিয়েশন প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দা আমিনা ফাহমীন
উপসচিব।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ আগস্ট ২০১৮

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-৪৭০—বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৭ নং অর্ডার) এর ৯(৩)(ডি) ধারার বিধান অনুযায়ী অর্থ বিভাগের সাবেক সচিব জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী এর স্থলে জনাব আব্দুর রউফ তালুকদার, ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়- কে বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সাইদুর রহমান
উপসচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬

আদেশাবলী

তারিখ : ৩ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/ ১৮ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

নং আর-৬/৭এন-২৫/২০১৮-২৯২—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে হবিগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ মুছা মিয়া, পিতা-মোহাম্মদ ইউনুছ মিয়া-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৪ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/ ২৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

নং আর-৬/৭এন-৩১/২০১৮-৩১৫—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে টাঙ্গাইল জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ নিয়ত আলী ফকির, পিতা-মরহুম জহির উদ্দিন ফকির-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৫ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/ ৩০ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

নং আর-৬/৭এন-৩২/২০১৮-৩২১—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে গাজীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব সুচিস্মিতা সরকার (সোমা), পিতা-সুবোধ সরকার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সোহেল আহমেদ
উপসচিব (প্রশাসন-২)।

বিচার শাখা-৭

আদেশাবলী

তারিখ : ০৮ জুলাই ২০১৮ খ্রিঃ

নং বিচার-৭/২এন-৩৮/৭৫-৪২৫—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব আব্দুর রশিদ, পিতা- মোঃ হকিকুল ইসলাম, মাতা-পারভীন খাতুন, গ্রাম-দিঘল গ্রাম, ডাকঘর-মাগুড়া, উপজেলা-সদর, জেলা-পঞ্চগড়)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পঞ্চগড় জেলার সদর উপজেলার ০৯ নং মাগুড়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ০৯ জুলাই ২০১৮ খ্রিঃ

নং বিচার-৭/২এন-৩৬/২০০৫(অংশ)-৪২৯—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ মনির হোসেন, পিতা- মোঃ আবুল কাশেম, মাতা-রাজিয়া খাতুন, গ্রাম-পাল্লা, ডাকঘর-পাল্লা বাজার, উপজেলা-চাটখিল, জেলা- নোয়াখালী)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোয়াখালী জেলার চাটখিল উপজেলার ০৫ নং মোহাম্মদপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২২ জুলাই ২০১৮ খ্রিঃ

নং বিচার-৭/২এন-৭৬/২০০৩-৪৫১—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ মোজাম্মেল হক, পিতা-মৃত মোঃ মনির হোসেন, মাতা-মোছাঃ ছালেহা খাতুন, গ্রাম-ঘোড়ামারা কলোনী, ডাকঘর-বগদুলঝুলা, উপজেলা-বোদা, জেলা-পঞ্চগড়)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পঞ্চগড় জেলার বোদা উপজেলার ০৫ নং বড়শশী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ৩১ জুলাই ২০১৮ খ্রিঃ

নং বিচার-৭/২এন-২৪৬/৭৭-৪৭৪—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ ফরিদুল ইসলাম, পিতা-মোঃ আবদুল ওয়াদুদ, মাতা-মোসাঃ রোকেয়া বেগম,৫১/১, হাসপাতাল রোড, দক্ষিণ বন্দর, মঠবাড়িয়া পৌরসভা, ডাকঘর-মঠবাড়িয়া, উপজেলা-মঠবাড়িয়া, জেলা-পিরোজপুর)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পিরোজপুর জেলার মঠবাড়িয়া পৌরসভার ০২ ও ০৩ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বুলবুল আহ্‌মেদ
সিনিয়র সহকারী সচিব।

কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ আগস্ট ২০১৮

নং ১২.০০.০০০০.০৫২.২৭.০৪৪.১৬-৭৩৯—যেহেতু বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব মোঃ আজমল হোসেন মন্ডল (পরিচিতি নং-১৪০৪), প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা (চাকরি হতে বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত), কবিরহাট, নোয়াখালী-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার সকল ধাপ যথাযথ বিধি অনুযায়ী সম্পন্ন করে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে কৃষি মন্ত্রণালয়ের ১২-০৭-২০১০ তারিখের কৃম/ সম্প্র-১/সঃ-১০/২০০৮/১৬৮৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাঁকে 'বাধ্যতামূলক অবসর' দণ্ড প্রদান করা হয়;

যেহেতু জনাব মোঃ আজমল হোসেন মন্ডল এ আদেশের বিরুদ্ধে মহামান্য রাষ্ট্রপতি বরাবর রিভিউ আবেদন করলে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক ২৩-১১-২০১০ তারিখে তা নামঞ্জুর করা হয়;

যেহেতু জনাব মোঃ আজমল হোসেন মন্ডল প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়ায় এ,টি মামলা নং-৬৫/২০১০ দায়ের করলে মাননীয় আদালত উভয় পক্ষের শুনানীঅন্তে দো-তরফা সূত্রে ০৪-০৮-২০১১ তারিখে জনাব মোঃ আজমল হোসেন মন্ডল-কে চাকরিতে পুনঃবহাল করতঃ বকেয়া বেতন-ভাতাদিসহ বিধি মোতাবেক প্রাপ্য যাবতীয় সুযোগ-সুবিধাদি প্রদানের জন্য রায় প্রদান করেন;

যেহেতু উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে এ,এ,টি মামলা নং-২৬৫/২০১২, সিপিএলএ-৯৭/২০১৪ এবং সিআরপি-১১৬/২০১৭ মামলাসমূহ দায়ের করা হলে সকল মামলায় প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া কর্তৃক প্রদত্ত রায় বহাল থাকে এবং জনাব মোঃ আজমল হোসেন মন্ডল বকেয়া বেতন ভাতাদিসহ চাকরিতে স্বপদে পুনঃবহালের জন্য সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবর আবেদন করেন;

যেহেতু জনাব মোঃ আজমল হোসেন মন্ডল এর আবেদনের পরিপ্রেক্ষিতে মাননীয় আদালতের রায় অনুযায়ী বকেয়া বেতন ভাতাদিসহ তাঁকে চাকরিতে পুনঃবহালের প্রস্তাব মঞ্জুরকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনের জন্য প্রেরণ করা হলে মহামান্য রাষ্ট্রপতি উক্ত প্রস্তাব অনুমোদন করেন;

সেহেতু জনাব মোঃ আজমল হোসেন মন্ডল, প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা, কবিরহাট, নোয়াখালী (চাকরি হতে বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত)-কে চাকরিতে স্বপদে [উপজেলা কৃষি কর্মকর্তা (এল আর)] পুনঃবহাল করা হলো।

বর্ণিত কর্মকর্তা বিধি মোতাবেক বকেয়া সকল বেতন-ভাতাদি ও প্রাপ্য যাবতীয় সুযোগ-সুবিধা পাবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ
সিনিয়র সচিব।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ অধিশাখা
প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১০ বৈশাখ ১৪২৫/২৩ এপ্রিল ২০১৮

নং ৩৩.০০.০০০০.১১৯.১৯(প্রকল্প পরিচালক).০০১.১৩-১৫৬—যেহেতু, ডাঃ মোঃ আজিজুল ইসলাম, প্রাক্তন প্রিন্সিপাল কাম প্রকল্প পরিচালক, সিরাজগঞ্জ সরকারী ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্প বর্তমানে-উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ এর বিরুদ্ধে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন বাস্তবায়িত সিরাজগঞ্জ সরকারী ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্পের অধীনে বৈদ্যুতিক সাব স্টেশন স্থাপন সংক্রান্ত দরপত্রের প্যাকেজ নং WD-17 এ External Electrification work with supply and Installation of 500 KVA Sub-station including Sub-station house and street light works at Sirajgonj govt. Vety. College Campus নামক কাজের জন্য সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান মেসার্স অনিক ট্রেডিং কর্পোরেশন-কে ইচ্ছাকৃতভাবে Non Responsive দেখিয়ে মেসার্স রিলায়েন্স ট্রেডার্স কর্তৃক দাখিলকৃত Work Experience সংক্রান্ত সনদপত্রে উল্লিখিত তথ্য ও বর্ণনা জাল ও মিথ্যা হওয়া সত্ত্বেও উক্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করেছেন। টেন্ডার ডকুমেন্টগুলো যাচাই এর দায়িত্ব টেন্ডার মূল্যায়ন কমিটির হওয়া সত্ত্বেও স্বতঃপ্রণোদিত হয়ে তিনি নিজেই তা যাচাই করে রেকর্ডভুক্ত করেছেন এবং পরবর্তীতে তা ভুয়া ও জাল বলে প্রমাণিত হয়েছে। যা অদক্ষতার সামিল। তিনি মেসার্স অনিক ট্রেডিং কর্পোরেশন এর দরপত্র যাচাই-বাছাই না করে অসৎ উদ্দেশ্যে নন রেসপন্সিভ করে আর্থিক সুবিধা গ্রহণের মাধ্যমে ৫৩,৫৩,৮৪২.১০ টাকা বেশী দরে অন্য প্রতিষ্ঠানকে কার্যাদেশ দিয়েছেন। যার দ্বারা তিনি দুর্নীতির আশ্রয় নিয়েছেন।

যেহেতু, তাঁর এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) এবং ৩(ডি) অনুযায়ী অদক্ষতা ও দুর্নীতি এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ২২/২০১৬ রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ১২-০১-২০১৭ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং গত ৩০-০৩-২০১৭ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। লিখিত জবাবে তিনি ব্যক্তিগত শুনানি চাইলে ৩০-০৩-২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানি ও প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় অভিযোগটির প্রাথমিক সত্যতা রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত একই বিধিমালার বিধি ৩(এ) অনুযায়ী অদক্ষতা এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, ডাঃ মোঃ আজিজুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) এর আওতায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন এবং এতদসংশ্লিষ্ট প্রাসঙ্গিক কাগজপত্রাদির সাথে এ বিভাগীয় মামলা সংশ্লিষ্ট প্রকল্পে নথি পর্যালোচনা, ডিপিপি, টেন্ডার ডকুমেন্ট, দরপত্র মূল্যায়ন কমিটির মূল্যায়ন প্রতিবেদন, বার্ষিক ক্রয় পরিকল্পনা, ঠিকাদারগণের কর্ম অভিজ্ঞতা এবং টেন্ডার ডকুমেন্টের শর্ত অনুসারে কর্ম অভিজ্ঞতা এবং সম্পাদিত কাজের অর্থের পরিমাণ সংক্রান্ত প্রত্যয়নপত্র ও প্রত্যয়নপত্র ইস্যুকারী সংশ্লিষ্ট দপ্তরসমূহের নিকট থেকে প্রাপ্ত যাচাই প্রতিবেদন ও তৎসংশ্লিষ্ট কাগজপত্রাদি বিশদভাবে পর্যালোচনা করে দেখা যায় আনীত অদক্ষতার অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মকর্তা (ডাঃ মোঃ আজিজুল ইসলাম) কে অদক্ষতার দোষে দোষী সাব্যস্ত করা হলো। অভিযুক্ত কর্মকর্তার পূর্ব অভিজ্ঞতা এবং প্রথম বারের মত এ ধরনের অপরাধের বিষয় সহানুভূতির সাথে বিবেচনা করে একই বিধিমালার বিধি ৪(২)(এ) অনুসারে তাঁকে তিরস্কার (censure) দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার চাকরির অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট সার্বিক বিষয় বিবেচনায় ডাঃ মোঃ আজিজুল ইসলাম, প্রাক্তন প্রিন্সিপাল কাম প্রকল্প পরিচালক, সিরাজগঞ্জ সরকারী ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্প বর্তমানে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) অনুযায়ী তিরস্কার (censure) সূচক লঘুদণ্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৩৩.০০.০০০০.১১৯.১৯(প্রকল্প পরিচালক).০০১.১৩ (অংশ-১)-১৫৭—যেহেতু, ডাঃ মোঃ আজিজুল ইসলাম, প্রাক্তন প্রিন্সিপাল কাম প্রকল্প পরিচালক, সিরাজগঞ্জ সরকারী ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্প বর্তমানে-উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ এর বিরুদ্ধে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন বাস্তবায়িত সিরাজগঞ্জ সরকারী ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্প এর আওতায় দরপত্রে প্যাকেজ নং WD-9 এ জনাব মোঃ কুতুব উল আজিম, প্রো-প্রাইটর, মেসার্স আজিম এন্ড এসোসিয়েটস নামক প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করে ১ কোটি ১১ লক্ষ টাকার দরপত্র প্রস্তাব করে। সর্বনিম্ন দরদাতা হওয়া সত্ত্বেও তাকে ইচ্ছাকৃতভাবে নন- রেসপনসিভ দেখিয়ে মেসার্স মজিদ ট্রেডার্স নামক একটি প্রতিষ্ঠানকে নগদ ১১ লক্ষ টাকার বিনিময়ে কার্যাদেশ প্রদান করেন। মেসার্স আজিম এন্ড এসোসিয়েটস এর দরপত্র যাচাই/বাছাই না করেই নন-রেসপনসিভ করে আর্থিক সুবিধা গ্রহণের মাধ্যমে ৮(আট) লক্ষ টাকা বেশী দরে অন্য প্রতিষ্ঠানকে কার্যাদেশ দিয়েছেন। যার দ্বারা তিনি দায়িত্ব ও কর্তব্যে অবহেলা এবং দুর্নীতির আশ্রয় গ্রহণ করেছেন। ভার্টিকেল এক্সটেনশনের কাজটি আগামী ০২(দুই) বৎসরের মধ্যেও শুরু করা সম্ভব হবে না সত্ত্বেও উক্ত কাজের মূল ভবনের ৩য় তলার কাজের ও একইসংগে ভার্টিকেল এক্সটেনশনের কার্যাদেশ প্রদান করেছেন। ৩য় তলার কাজ শেষ না হওয়া পর্যন্ত উক্ত কাজ শুরু করার কোন সুযোগ নেই জেনেও আর্থিক সুবিধা গ্রহণের লক্ষ্যে এ ধরনের অনিয়মের আশ্রয় নিয়েছেন।

যেহেতু, তাঁর এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী অসদাচরণ এবং দুর্নীতি এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ১১/২০১৬ রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ০৮-০৫-২০১৬ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং গত ০৫-০৬-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানি ও প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় অভিযোগটির প্রাথমিক সত্যতা রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত একই বিধিমালার বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী অসদাচরণ এবং দুর্নীতি এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, ডাঃ মোঃ আজিজুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) এর আওতায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন এবং এতদ্সংশ্লিষ্ট প্রাসঙ্গিক কাগজপত্রাদির সাথে এ প্রকল্পের নথি, প্রকল্প দলিল (ডিপিপি), টেন্ডার হকুমেন্ট, দরপত্র মূল্যায়ন কমিটির মূল্যায়ন প্রতিবেদন, বার্ষিক ক্রয় পরিকল্পনা, ঠিকাদারদের কর্ম অভিজ্ঞতা ইত্যাদি বিশদভাবে পর্যালোচনা করে দেখা যায় আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মকর্তা (ডাঃ মোঃ আজিজুল ইসলাম) কে অসদাচরণের দোষে দোষী সাব্যস্ত করা হলো। তবে অভিযুক্ত কর্মকর্তার পূর্ব অভিজ্ঞতা এবং প্রথমবারের মত এ ধরনের অপরাধের বিষয় সহানুভূতির সাথে বিবেচনাপূর্বক নমনীয় মনোভাব গ্রহণ করে একই বিধিমালার ৪(২)(এ) অনুসারে তাঁকে তিরস্কার (censure) দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার চাকরির অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট সার্বিক বিষয় বিবেচনায় ডাঃ মোঃ আজিজুল ইসলাম, প্রাক্তন প্রিন্সিপাল কাম প্রকল্প পরিচালক, সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্প বর্তমানে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) অনুযায়ী তিরস্কার (censure) সূচক লঘুদণ্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রইছউল আলম মন্ডল
ভারপ্রাপ্ত সচিব।

প্রাণিসম্পদ-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২২ শ্রাবণ ১৪২৫/০৬ আগস্ট ২০১৮

নং ৩৩.০১.০০০০.১১৮.০৭.০১৯.০৬-৫৩২—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৯-০৭-২০১৮ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.৪৪. ০০১.১৮-৪৪ নম্বর স্মারকের সম্মতির প্রেক্ষিতে সরকারি হাঁস-মুরগির খামারসমূহে উৎপাদিত একদিন বয়সের বাচ্চাসহ বিভিন্ন বয়সের হাঁস-মুরগি ও ডিমের মূল্য নিম্নবর্ণিতভাবে পুনঃনির্ধারণ করা হলো :

ক্রঃ নং	উৎপাদিত পণ্যের বিবরণ	পরিমাণ/সংখ্যা	বর্তমান মূল্য (টাকায়)		প্রস্তাবিত মূল (টাকায়)	
১.	ডিম খাবার	প্রতি হালি	মুরগি-২৪/	হাঁস-২৮/-	মুরগি-২০/	হাঁস-২৬/-
২.	উর্বর ডিম	প্রতি হালি	মুরগি-২৮/-	হাঁস-৩২/-	মুরগি-২৪/-	হাঁস-৩০/-
৩.	০-১ দিন বয়সের মুরগির বাচ্চা (Unsexed)	প্রতিটি	২০/- (ফেব্রুয়ারি থেকে জুলাই পর্যন্ত)		১২/- (ফেব্রুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত)	
৪.	০-১ দিন বয়সের মুরগির বাচ্চা (Unsexed)	প্রতিটি	১৫/- (আগস্ট থেকে জুলাই পর্যন্ত)		১০/- (নভেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত)	
৫.	০-১ দিন বয়সের হাঁসের বাচ্চা (Unsexed)	প্রতিটি	২০/- (সারা বছর)		২০/- (ফেব্রুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত) ১৫/- (নভেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত)	
৬.	২-২৮ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা	প্রতিটি	৪০/-		৩৫/-	
৭.	২৯-৪২ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা	প্রতিটি	৬০/-		৬০/-	
৮.	৪৩-৭০ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা	প্রতিটি	৭৫/-		৭৫/-	
৯.	৭১-৯০ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা	প্রতিটি	৯০/-		৯০/-	
১০.	৯১-১১০ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা	প্রতিটি	১০০/-		১০০/-	
১১.	১১১-১২৬ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা	প্রতিটি	১২০/-		১২০/-	
১২.	১২৭-১৪০ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা	প্রতিটি	১৪০/-		১৪০/-	
১৩.	১৪১ দিন ও তার উর্দ্ধে প্রাপ্তবয়স্ক হাঁস-মুরগি	প্রতিটি	১৭০/-		১৭০/-	
১৪.	বাতিল/কালিং মুরগি	প্রতি কেজি	১২০/-		১২০/-	
১৫.	বাতিল/কালিং হাঁস	প্রতিটি কেজি	১২০/-		১২০/-	
১৬.	ড্রেস হাঁস	প্রতি কেজি	১৪০/-		১৪০/-	

২। উপর্যুক্ত পুনঃনির্ধারিত ফি এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে কার্যকর হবে।

৩। এ বাবদ আদায়কৃত রাজস্ব সরকারি নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নিগার সুলতানা
উপসচিব।

প্রতিরক্ষা মন্ত্রণালয়

শোক প্রস্তাব

তারিখ : ১০ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/২৫ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

নং প্রম-২৩.০০.০০০০.০৭০.৯৯.০৭২.১১-২৭০—বাংলাদেশ বিমান বাহিনীর ০২ (দুই) জন কর্মচারী স্কোয়াড্রন লীডার মোঃ সিরাজুল ইসলাম (বিডি/৯০০২), জিডি(পি) এবং স্কোয়াড্রন লীডার মোঃ এনায়েত কবীর পলাশ (বিডি/৯০০৬), জিডি(পি) গত ০১ জুলাই ২০১৮ তারিখে বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি মতিউর-এর ৫ মাইল পশ্চিমে বুকভরা বাওরে মর্মান্তিক বিমান দুর্ঘটনায় মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)।

২। বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার মোঃ সিরাজুল ইসলাম (বিডি/৯০০২), জিডি(পি) এবং স্কোয়াড্রন লীডার মোঃ এনায়েত কবীর পলাশ (বিডি/৯০০৬), জিডি(পি) উভয়ে চাকরি জীবনে সৎ ও কর্তব্যপরায়ণ কর্মচারী ছিলেন।

৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্কোয়াড্রন লীডার মোঃ সিরাজুল ইসলাম (বিডি/৯০০২), জিডি(পি) এবং স্কোয়াড্রন লীডার মোঃ এনায়েত কবীর পলাশ (বিডি/৯০০৬), জিডি(পি)-এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশপূর্বক তাঁদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন ও মরহুমদ্বয়ের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আখতার হোসেন ভূঁইয়া
সচিব।

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০১ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নং ২৩.০০.০০০০.০৬০.১১.০১৮.১৬.৩৩৯—বাংলাদেশ নৌ বাহিনীর সাব লেফ্‌টেন্যান্ট আব্দুল্লাহ আল হাসান (ই), বিএন, (পি নং-২৮৫৩)-কে নৌ অধ্যাদেশ ১৯৬১, ধারা ১৭(১) এবং নৌ প্রবিধান ০৮০১ (এফ) অনুযায়ী প্রশাসনিক আদেশে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Naval Service) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহ্‌ফুজা আক্তার
যুগ্মসচিব।

শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১২ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৩৭.০০.০০০০.০৭০.০০২.০০৪.২০১৮-৮৩—"সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮"-এর আলোকে নিম্নবর্ণিত জেলা ও উপজেলাধীন ২৭১ (দুইশত একাত্তর) টি কলেজ ০৮ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ হতে সরকারি করা হলো :

ক্রমিক নং	জেলা	থানা/উপজেলা	কলেজের নাম
১.	ঢাকা	সাভার	সাভার কলেজ, সাভার, ঢাকা
২.		কেরানীগঞ্জ	ইস্পাহানী ডিগ্রি কলেজ
৩.		দোহার	পদ্মা কলেজ
৪.		নবাবগঞ্জ	দোহার-নবাবগঞ্জ কলেজ
৫.	মানিকগঞ্জ	সিঙ্গাইর	সিঙ্গাইর ডিগ্রি কলেজ
৬.		শিবালয়	মহাদেবপুর ইউনিয়ন ডিগ্রি কলেজ
৭.		হরিরামপুর	বিচারপতি নূরুল ইসলাম মহাবিদ্যালয়
৮.		দৌলতপুর	মতিলাল ডিগ্রি কলেজ
৯.	নারায়ণগঞ্জ	বন্দর	কদম রসুল কলেজ
১০.		সোনারগাঁও	সোনারগাঁও ডিগ্রি কলেজ
১১.		রূপগঞ্জ	মুড়াপাড়া কলেজ
১২.	মুন্সিগঞ্জ	সিরাজদীখান	বিক্রমপুর কে বি ডিগ্রি কলেজ
১৩.		টঙ্গীবাড়ী	বিক্রমপুর টঙ্গীবাড়ী ডিগ্রি কলেজ
১৪.		লৌহজং	লৌহজং বিশ্ববিদ্যালয় কলেজ
১৫.	গাজীপুর	কাপাসিয়া	শহীদ তাজউদ্দিন আহমদ ডিগ্রি কলেজ
১৬.		শ্রীপুর	শ্রীপুর মুক্তিযোদ্ধা রহমত আলী কলেজ
১৭.		কালীগঞ্জ	কালীগঞ্জ শ্রমিক কলেজ

ক্রমিক নং	জেলা	থানা/উপজেলা	কলেজের নাম
১৮.	নরসিংদী	বেলাবো	হোসেন আলী কলেজ
১৯.		রায়পুরা	রায়পুরা কলেজ
২০.		মনোহরদী	মনোহরদী ডিগ্রি কলেজ
২১.		পলাশ	পলাশ শিল্পাঞ্চল কলেজ
২২.	রাজবাড়ী	গোয়ালন্দ	গোয়ালন্দ কামরুল ইসলাম ডিগ্রি কলেজ
২৩.		কালুখালী	কালুখালী কলেজ
২৪.	শরীয়তপুর	ভেদরগঞ্জ	এম এ রেজা ডিগ্রি কলেজ
২৫.		গোসাইরহাট	শামসুর রহমান ডিগ্রি কলেজ
২৬.		ডামুড্যা	পূর্ব মাদারীপুর কলেজ
২৭.		জাজিরা	বি. কে নগর বঙ্গবন্ধু কলেজ
২৮.	ময়মনসিংহ	ভালুকা	ভালুকা ডিগ্রি কলেজ
২৯.		ধোবাউড়া	ধোবাউড়া আদর্শ কলেজ
৩০.		ত্রিশাল	নজরুল কলেজ
৩১.		হালুয়াঘাট	হালুয়াঘাট শহীদ স্মৃতি ডিগ্রি কলেজ
৩২.		ফুলপুর	ফুলপুর ডিগ্রি কলেজ
৩৩.		তারাকান্দা	বঙ্গবন্ধু ডিগ্রি কলেজ
৩৪.		নান্দাইল	শহীদ স্মৃতি আদর্শ কলেজ
৩৫.		ফুলবাড়িয়া	বেগম ফজিলাতুন্নেছা মুজিব মহিলা মহাবিদ্যালয়
৩৬.	কিশোরগঞ্জ	করিমগঞ্জ	করিমগঞ্জ মহাবিদ্যালয়
৩৭.		তাড়াইল	তাড়াইল মুক্তিযোদ্ধা কলেজ
৩৮.		বাজিতপুর	বাজিতপুর কলেজ
৩৯.		হোসেনপুর	হোসেনপুর ডিগ্রি কলেজ
৪০.		অষ্টগ্রাম	রোটারী ডিগ্রি কলেজ
৪১.		কটিয়াদী	কটিয়াদী কলেজ
৪২.		কুলিয়ারচর	কুলিয়ারচর ডিগ্রি কলেজ
৪৩.		নিকলী	মুক্তিযোদ্ধা আদর্শ কলেজ
৪৪.		পাকুন্দিয়া	পাকুন্দিয়া কলেজ
৪৫.		মিঠামইন	মুক্তিযোদ্ধা আব্দুল হক কলেজ
৪৬.	নেত্রকোনা	বারহাট্টা	বারহাট্টা কলেজ
৪৭.		খালিয়াজুড়ি	কৃষ্ণপুর হাজী আলী আকবর বিশ্ববিদ্যালয় কলেজ
৪৮.		কলমাকান্দা	কলমাকান্দা ডিগ্রি কলেজ
৪৯.		কেন্দুয়া	কেন্দুয়া ডিগ্রি কলেজ
৫০.		পূর্বধলা	পূর্বধলা ডিগ্রি কলেজ
৫১.	টাঙ্গাইল	কালিহাতি	শামছুল হক মহাবিদ্যালয়
৫২.		দেলদুয়ার	সৈয়দ মহব্বত আলী ডিগ্রি কলেজ
৫৩.		বাসাইল	জোবেদা রুবেয়া মহিলা কলেজ
৫৪.		গোপালপুর	গোপালপুর কলেজ
৫৫.		ঘাটাইল	জি.বি.জি কলেজ
৫৬.		মির্জাপুর	মির্জাপুর কলেজ
৫৭.		মধুপুর	মধুপুর কলেজ
৫৮.		ধনবাড়ী	ধনবাড়ী কলেজ
৫৯.	জামালপুর	দেওয়ানগঞ্জ	এ কে মেমোরিয়াল ডিগ্রি কলেজ
৬০.		সরিষাবাড়ী	বঙ্গবন্ধু কলেজ
৬১.		ইসলামপুর	ইসলামপুর কলেজ
৬২.	শেরপুর	নকলা	হাজী জাল মামুদ কলেজ
৬৩.		নালিতাবাড়ী	নাজমুল স্মৃতি মহাবিদ্যালয়
৬৪.		ঝিনাইগাতি	আদর্শ মহাবিদ্যালয়
৬৫.	চট্টগ্রাম	লোহাগড়া	চুনতি মহিলা (ডিগ্রি) কলেজ
৬৬.		সীতাকুন্ড	সীতাকুন্ড মহিলা কলেজ
৬৭.		আনোয়ারা	আনোয়ারা কলেজ
৬৮.		হাটহাজারী	হাটহাজারী কলেজ
৬৯.		বায়েজীদ	আশেকানে আউলিয়া ডিগ্রি কলেজ
৭০.		রাউজান	রাউজান কলেজ

ক্রমিক নং	জেলা	থানা/উপজেলা	কলেজের নাম
৭১.	চট্টগ্রাম	ফটিকছড়ি	ফটিকছড়ি বিশ্ববিদ্যালয় কলেজ
৭২.		বাঁশখালী	আলাওল ডিগ্রি কলেজ
৭৩.		মীরসরাই	নিজামপুর কলেজ
৭৪.		রাঙ্গুনিয়া	রাঙ্গুনিয়া কলেজ
৭৫.	কক্সবাজার	কুতুবদিয়া	কুতুবদিয়া কলেজ
৭৬.		চকরিয়া	চকরিয়া ডিগ্রি কলেজ
৭৭.		টেকনাফ	টেকনাফ ডিগ্রি কলেজ
৭৮.		রামু	রামু ডিগ্রি কলেজ
৭৯.		মহেশখালী	বঙ্গবন্ধু মহিলা কলেজ
৮০.	রাঙ্গামাটি	বাঘাইছড়ি	কাচালং ডিগ্রি কলেজ
৮১.		নানিয়ারচর	নানিয়ারচর কলেজ
৮২.		কাপ্তাই	কর্ণফুলি (ডিগ্রি) কলেজ
৮৩.		কাউখালী	কাউখালী ডিগ্রি কলেজ
৮৪.	খাগড়াছড়ি	দীঘিনালা	দীঘিনালা ডিগ্রি কলেজ
৮৫.		পানছড়ি	পানছড়ি ডিগ্রি কলেজ
৮৬.		মহালছড়ি	মহালছড়ি কলেজ
৮৭.		মাটিরাঙ্গা	মাটিরাঙ্গা ডিগ্রি কলেজ
৮৮.		মানিকছড়ি	মানিকছড়ি গিরি মৈত্রী ডিগ্রি কলেজ
৮৯.		গুইমারা	গুইমারা কলেজ
৯০.	বান্দরবান	লামা	মাতামুহুরী কলেজ
৯১.		নাইখ্যংছড়ি	হাজি এম এ কালাম ডিগ্রি কলেজ
৯২.		রুমা	রুমা সাঙ্গু কলেজ
৯৩.	নোয়াখালী	সোনাইমুড়ি	সোনাইমুড়ি কলেজ
৯৪.	লক্ষ্মীপুর	কমলনগর	হাজিরহাট উপকূল কলেজ
৯৫.	ফেনী	দাগনভুঁইয়া	ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
৯৬.	কুমিল্লা	ব্রহ্মণপাড়া	বঙ্গবন্ধু কলেজ
৯৭.		বুড়িচং	কালিকাপুর আবদুল মতিন খসরু ডিগ্রি কলেজ
৯৮.		মেঘনা	মানিকারচর বঙ্গবন্ধু কলেজ
৯৯.		মনোহরগঞ্জ	নীলকান্ত ডিগ্রি কলেজ
১০০.		চান্দিনা	দোল্লাই নোয়াবপুর কলেজ
১০১.		মুরাদনগর	শ্রীকাইল কলেজ
১০২.		লাঙ্গালকোট	লাঙ্গালকোট হাছান মেমোরিয়াল ডিগ্রি কলেজ
১০৩.		সদর দক্ষিণ	লালমাই কলেজ
১০৪.		হোমনা	হোমনা ডিগ্রি কলেজ
১০৫.		তিতাস	মেহনাজ হোসেন মীম আদর্শ কলেজ
১০৬.	ব্রাহ্মণবাড়ীয়া	আখাউড়া	শহিদ স্মৃতি ডিগ্রি কলেজ
১০৭.		নাসিরনগর	নাসিরনগর (ডিগ্রি) মহাবিদ্যালয়
১০৮.		বাঞ্ছারামপুর	বাঞ্ছামপুর ডিগ্রি কলেজ
১০৯.		সরাইল	সরাইল ডিগ্রি কলেজ
১১০.		আশুগঞ্জ	ফিরোজ মিয়া কলেজ
১১১.		কসবা	আদর্শ মহাবিদ্যালয়
১১২.	চাঁদপুর	কচুয়া	কচুয়া বঙ্গবন্ধু ডিগ্রি কলেজ
১১৩.		ফরিদগঞ্জ	ফরিদগঞ্জ বঙ্গবন্ধু ডিগ্রি কলেজ
১১৪.		মতলব উত্তর	ছেংগারচর ডিগ্রি কলেজ
১১৫.		মতলব দক্ষিণ	মতলব ডিগ্রি কলেজ
১১৬.		হাইমচর	হাইমচর মহাবিদ্যালয়
১১৭.		হাজীগঞ্জ	হাজীগঞ্জ মডেল কলেজ
১১৮.		শাহরাস্তি	করফুলেন্নেছা মহিলা কলেজ
১১৯.	সিলেট	গোয়াইনঘাট	গোয়াইঘাট ডিগ্রি কলেজ
১২০.		বালাগঞ্জ	বালাগঞ্জ ডিগ্রি কলেজ
১২১		ফেঞ্চুগঞ্জ	ফেঞ্চুগঞ্জ ডিগ্রি কলেজ
১২২.		গোলাপগঞ্জ	ঢাকা দক্ষিণ ডিগ্রি কলেজ

ক্রমিক নং	জেলা	থানা/উপজেলা	কলেজের নাম
১২৩.	সিলেট	কানাইঘাট	কানাইঘাট ডিগ্রি কলেজ
১২৪.		বিশ্বনাথ	বিশ্বনাথ কলেজ
১২৫.		দক্ষিণ সুরমা	দক্ষিণ সুরমা কলেজ
১২৬.		জৈন্তাপুর	ইমরান আহমদ মহিলা কলেজ
১২৭.		ওসমানিনগর	গোয়ালা বাজার আদর্শ মহিলা ডিগ্রি কলেজ
১২৮.		সিলেট সদর	মদনমোহন কলেজ
১২৯.	হবিগঞ্জ	আজমিরীগঞ্জ	আজমিরীগঞ্জ ডিগ্রি কলেজ
১৩০.		মাধবপুর	শাহজালাল কলেজ
১৩১.		বানিয়াচং	জনাব আলী ডিগ্রি কলেজ
১৩২.		নবীগঞ্জ	নবীগঞ্জ কলেজ
১৩৩.		বাহুবল	আলিফ সোবহান চৌধুরী কলেজ
১৩৪.	মৌলভীবাজার	বড়লেখা	বড়লেখা ডিগ্রি কলেজ
১৩৫.		কুলাউড়া	কুলাউড়া ডিগ্রি কলেজ
১৩৬.		রাজনগর	রাজনগর ডিগ্রি কলেজ
১৩৭.		কমলগঞ্জ	কমলগঞ্জ গণ মহাবিদ্যালয়
১৩৮.		জুড়ি	তৈয়বুন্নেছা খানম একাডেমি ডিগ্রি কলেজ
১৩৯	সুনামগঞ্জ	বিশ্বম্বরপুর	দিগেন্দ্র বর্মন ডিগ্রি কলেজ
১৪০.		ছাতক	ছাতক ডিগ্রি কলেজ
১৪১.		দিরাই	দিরাই ডিগ্রি কলেজ
১৪২.		ধর্মপাশা	ধর্মপাশা ডিগ্রি কলেজ
১৪৩.		দোয়ারাবাজার	দোয়ারাবাজার ডিগ্রি কলেজ
১৪৪.		জগন্নাথপুর	জগন্নাথপুর ডিগ্রি কলেজ
১৪৫.		শাল্লা	শাল্লা ডিগ্রি কলেজ
১৪৬.		জামালগঞ্জ	জামালগঞ্জ ডিগ্রি কলেজ
১৪৭.	রাজশাহী	মোহনপুর	মোহনপুর ডিগ্রি কলেজ
১৪৮.		বাঘা	শাহদৌলা ডিগ্রি কলেজ
১৪৯.		তানোর	আব্দুল করিম সরকার কলেজ
১৫০.		গোদাগাড়ী	গোদাগাড়ী কলেজ
১৫১.		পবা	নওহাটা ডিগ্রি কলেজ
১৫২.		বাঘমারা	ভবানীগঞ্জ বিশ্ববিদ্যালয় কলেজ
১৫৩.		দূর্গাপুর	দাওকান্দি ডিগ্রি কলেজ
১৫৪.	চাঁপাইনবাবগঞ্জ	গোমস্তাপুর	রহনপুর ইউসুফ আলী কলেজ
১৫৫.		ভোলাহাট	ভোলাহাট মহিলা কলেজ
১৫৬.	নাটোর	নলডাংগা	শহীদ নজমুল হক ডিগ্রি কলেজ
১৫৭.		বাগাতিপাড়া	বাগাতিপাড়া ডিগ্রি কলেজ
১৫৮.		বড়াইগ্রাম	বড়াইগ্রাম অনার্স কলেজ
১৫৯.	পাবনা	সাঁথিয়া	সাঁথিয়া ডিগ্রি কলেজ
১৬০.		চাটমোহর	চাটমোহর ডিগ্রি কলেজ
১৬১.		বেড়া	বেড়া কলেজ
১৬২.		ভাঙ্গুরা	হাজী জামাল উদ্দিন ডিগ্রি কলেজ
১৬৩.		আটঘরিয়া	আটঘরিয়া মহাবিদ্যালয়
১৬৪.		ফরিদপুর	মোহাম্মদ ইয়াছিন ডিগ্রি কলেজ
১৬৫.		সুজানগর	ডাঃ জহুরুল কামাল ডিগ্রি কলেজ
১৬৬.	সিরাজগঞ্জ	কামারখন্দ	হাজী কোরাপ আলী মেমেরিয়াল ডিগ্রি কলেজ
১৬৭.		বেলকুচি	বেলকুচি কলেজ
১৬৮.		রায়গঞ্জ	বেগম নুরুণ নাহার তর্কবাগীশ অনার্স কলেজ
১৬৯.	নওগাঁ	ধামুইরহাট	ধামুইরহাট এম এম ডিগ্রি কলেজ
১৭০.		পোরশা	পোরশা ডিগ্রি কলেজ
১৭১.		মান্দা	মান্দা মমিন শাহানা ডিগ্রি কলেজ
১৭২.		নিয়ামতপুর	নিয়ামতপুর কলেজ
১৭৩.		আত্রাই	মোল্লা আজাদ মেমোরিয়াল কলেজ
১৭৪.		রানীনগর	শের-এ-বাংলা (ডিগ্রি) মহাবিদ্যালয়

ক্রমিক নং	জেলা	থানা/উপজেলা	কলেজের নাম
১৭৫.	বগুড়া	কাহালু	কাহালু ডিগ্রি মহাবিদ্যালয়
১৭৬.		শিবগঞ্জ	শিবগঞ্জ এম. এইচ মহাবিদ্যালয়
১৭৭.		শেরপুর	শেরপুর কলেজ
১৭৮.		ধুনট	ধুনট ডিগ্রি কলেজ
১৭৯.		সারিয়াকান্দি	সারিয়াকান্দি আব্দুল মান্নান মহিলা কলেজ
১৮০.		নন্দীগ্রাম	নন্দীগ্রাম মহিলা ডিগ্রি কলেজ
১৮১.	জয়পুরহাট	ক্ষেতলাল	ছাইদ আলতাফুন্নেছা কলেজ
১৮২.	রংপুর	পীরগঞ্জ	শাহ আব্দুর রউফ কলেজ
১৮৩.		গংগাচড়া	গংগাচড়া ডিগ্রি কলেজ
১৮৪.		পীরগাছা	পীরগাছা কলেজ
১৮৫.		তারাগঞ্জ	তারাগঞ্জ ওয়াকফ এস্টেট কলেজ
১৮৬.		বদরগঞ্জ	বদরগঞ্জ ডিগ্রি কলেজ
১৮৭.		কাউনিয়া	হারাগাছ ডিগ্রি মহাবিদ্যালয়
১৮৮.		মিঠাপুকুর	পায়রাবন্দ বেগম রোকেয়া স্মৃতি ডিগ্রি মহাবিদ্যালয়।
১৮৯.	নীলফামারী	সৈয়দপুর	সৈয়দপুর কলেজ
১৯০.		জলঢাকা	জলঢাকা ডিগ্রি মহাবিদ্যালয়
১৯১.		কিশোরগঞ্জ	কিশোরীগঞ্জ ডিগ্রি কলেজ
১৯২.		ডিমলা	ডিমলা মহিলা মহাবিদ্যালয়
১৯৩.	গাইবান্ধা	ফুলছড়ি	ফুলছড়ি ডিগ্রি কলেজ
১৯৪.		সাঘাটা	বোনারপাড়া ডিগ্রি কলেজ
১৯৫.		সাদুল্লাহপুর	সাদুল্লাহপুর ডিগ্রি কলেজ
১৯৬.		সুন্দরগঞ্জ	সুন্দরগঞ্জ ডি. ডব্লিউ ডিগ্রি কলেজ
১৯৭.	কুড়িগ্রাম	রাজিবপুর	রাজিবপুর ডিগ্রি কলেজ
১৯৮.		চিলমারী	চিলমারী ডিগ্রি কলেজ
১৯৯.		নাগেশ্বরী	নাগেশ্বরী কলেজ
২০০.		ভুরুঙ্গামারী	ভুরুঙ্গামারী ডিগ্রি কলেজ
২০১.		রৌমারী	রৌমারী ডিগ্রি কলেজ
২০২.		ফুলবাড়ী	সাইফুর রহমান মহাবিদ্যালয়
২০৩.		রাজারহাট	মীর ইসমাইল হোসেন কলেজ
২০৪.	দিনাজপুর	বিরামপুর	বিরামপুর কলেজ
২০৫.		নবাবগঞ্জ	আফতাবগঞ্জ ডিগ্রি কলেজ
২০৬.		বীরগঞ্জ	বীরগঞ্জ ডিগ্রি কলেজ
২০৭.		বোচাগঞ্জ	সেতাবগঞ্জ ডিগ্রি কলেজ
২০৮.		পার্বতীপুর	পার্বতীপুর ডিগ্রি কলেজ
২০৯.		হাকিমপুর	হাকিমপুর ডিগ্রি কলেজ
২১০.		ঘোড়াঘাট	ঘোড়াঘাট ডিগ্রি কলেজ
২১১.		চিরিরবন্দর	চিরিরবন্দর ডিগ্রি কলেজ
২১২.		বিরল	বিরল ডিগ্রি কলেজ
২১৩.	লালমনিরহাট	হাতীবান্দা	আলিমুদ্দিন ডিগ্রি কলেজ
২১৪.		আদিতমারী	আদিতমারী ডিগ্রি কলেজ
২১৫.		কালীগঞ্জ	করিম উদ্দিন পাবলিক কলেজ
২১৬.	ঠাকুরগাঁও	হরিপুর	মোসলেম উদ্দিন মহাবিদ্যালয়
২১৭.	পঞ্চগড়	বোদা	পাথরাজ মহাবিদ্যালয়
২১৮.		তেতুলিয়া	তেতুলিয়া ডিগ্রি কলেজ
২১৯.		আটোয়ারী	বঙ্গবন্ধু ডাংগীরহাট আদর্শ মহাবিদ্যালয়
২২০.		দেবীগঞ্জ	দেবীগঞ্জ ডিগ্রি কলেজ
২২১.	খুলনা	ডুমুরিয়া	শাহপুর মধুগ্রাম কলেজ
২২২.		ফুলতলা	ফুলতলা মহিলা কলেজ
২২৩.		পাইকগাছা	পাইকগাছা কলেজ
২২৪.		তেরখাদা	নর্থ খুলনা কলেজ
২২৫.		বটিয়াঘাটা	বটিয়াঘাটা (ডিগ্রি) মহাবিদ্যালয়

ক্রমিক নং	জেলা	থানা/উপজেলা	কলেজের নাম
২২৬.	যশোর	অভয়নগর	নওয়াপাড়া মহাবিদ্যালয়
২২৭.		চৌগাছা	চৌগাছা ডিগ্রি কলেজ
২২৮.		ঝিকরগাছা	শহীদ মশিয়ূর রহমান ডিগ্রি কলেজ
২২৯.		কেশবপুর	কেশবপুর ডিগ্রি কলেজ
২৩০.		মনিরামপুর	মনিরামপুর ডিগ্রি কলেজ
২৩১.	বাগেরহাট	ফকিরহাট	ফকিরহাট ফজিলাতুননেছা মুজিব মহিলা ডিগ্রি মহাবিদ্যালয়
২৩২.		রামপাল	রামপাল ডিগ্রি কলেজ
২৩৩.		চিতলমারী	বঙ্গবন্ধু মহিলা ডিগ্রি কলেজ
২৩৪.		মোড়েলগঞ্জ	সিরাজউদ্দীন মেমোরিয়াল কলেজ
২৩৫.		শরণখোলা	শরণখোলা ডিগ্রি কলেজ
২৩৬.		মোল্লাহাট	জাতীর জনক বঙ্গবন্ধু মহিলা মহাবিদ্যালয়
২৩৭.	ঝিনাইদহ	কালীগঞ্জ	মাহতাব উদ্দীন ডিগ্রি কলেজ
২৩৮.	কুষ্টিয়া	খোকসা	খোকসা কলেজ
২৩৯.		কুমারখালী	কুমারখালী কলেজ
২৪০.	চুয়াডাঙ্গা	আলমডাঙ্গা	আলমডাঙ্গা ডিগ্রি কলেজ
২৪১.		জীবননগর	জীবন নগর আদর্শ মহিলা ডিগ্রি কলেজ
২৪২.	সাতক্ষীরা	দেবহাটা	খান বাহাদুর আহছান উল্লাহ কলেজ
২৪৩.		কালীগঞ্জ	কালীগঞ্জ কলেজ
২৪৪.	মাগুরা	মুহাম্মদপুর	বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান কলেজ
২৪৫.		শালিখা	বিহারীলাল শিকদার মহাবিদ্যালয়
২৪৬.		শ্রীপুর	শ্রীপুর ডিগ্রি কলেজ
২৪৭.	নড়াইল	কালিয়া	শহীদ আবদুস সালাম ডিগ্রি কলেজ
২৪৮.	বরিশাল	আগৈলঝাড়া	শহীদ আব্দুর রব সেরনিয়াবাত ডিগ্রি কলেজ
২৪৯.		হিজলা	হিজলা ডিগ্রি কলেজ
২৫০.		মেহেন্দিগঞ্জ	পাতারহাট আরসি কলেজ
২৫১.		মুলাদী	মুলাদী কলেজ
২৫২.		উজিরপুর	শেরে বাংলা ডিগ্রি কলেজ
২৫৩.		বাবুগঞ্জ	আবুল কালাম ডিগ্রি কলেজ
২৫৪.	ভোলা	তজুমদ্দিন	তজুমদ্দিন ডিগ্রি কলেজ
২৫৫.		দৌলতখান	দৌলতখান আবু আবদুল্লাহ কলেজ
২৫৬.		বোরহান উদ্দিন	আব্দুল জববার কলেজ
২৫৭.		মনপুরা	মনপুরা ডিগ্রি কলেজ
২৫৮.	ঝালকাঠী	কাঠালিয়া	তফাজ্জল হোসেন (মানিক মিয়া) ডিগ্রি কলেজ
২৫৯.		নলছিটি	নলছিটি ডিগ্রি কলেজ
২৬০.		রাজাপুর	রাজাপুর ডিগ্রি কলেজ
২৬১.	পিরোজপুর	কাউখালী	কাউখালী মহাবিদ্যালয়
২৬২.		নাজিরপুর	বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব মহিলা মহাবিদ্যালয়
২৬৩.	পটুয়াখালী	দশমিনা	আবদুর রশিদ তালুকদার ডিগ্রি কলেজ
২৬৪.		গলাচিপা	গলাচিপা ডিগ্রি কলেজ
২৬৫.		মির্জাগঞ্জ	সুবিদখালী ডিগ্রি কলেজ
২৬৬.		দুমকি	জনতা কলেজ
২৬৭.		রাঙ্গাবলি	রাঙ্গাবলি কলেজ
২৬৮.		কলাপাড়া	মোজাহার উদ্দিন বিশ্বাস ডিগ্রি কলেজ
২৬৯.	বরগুনা	তালতলী	তালতলী ডিগ্রি কলেজ
২৭০.		পাথরঘাটা	হাজী জালাল উদ্দিন মহিলা ডিগ্রি কলেজ
২৭১.		বামনা	বামনা ডিগ্রি কলেজ

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাছিমা খানম
উপসচিব।

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়

বিজ্ঞপ্তি

তারিখ: ২৯ ভাদ্র, ১৪২৫ /১৩ সেপ্টেম্বর ২০১৮

নং ০৩.৭৫৯.০১৪.৭৩.০০.০৮৫.২০১৭-৮০৬২—চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলার বাদলপুরা মৌজায় ১৮.২৩ একর (নিজস্ব মালিকানাধীন-৭.৪ একর+চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিকট হতে ইজারাকৃত-২.১৩ একর+জেলা প্রশাসক, চট্টগ্রামের নিকট হতে বন্দোবস্তকৃত-৮.৭০ একর) জমিতে "কর্ণফুলী ড্রাই ডক স্পেশাল ইকোনমিক জোন" নামে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের অনুমোদন ও লাইসেন্স প্রাপ্তির জন্য জনাব ইঞ্জিনিয়ার এম.এ রশিদ, ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী ড্রাই ডক স্পেশাল ইকোনমিক জোন, ৯৪৪/এ, স্ট্যান্ড রোড, মাঝির ঘাট, ডবল মুড়িং, চট্টগ্রাম তফসিলসহ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা এর নির্বাহী চেয়ারম্যান বরাবর আবেদন করেছেন। নিম্নবর্নিত তফসিলভুক্ত জমির পরিমাণ ১৮.২৩ একর। উক্ত আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল নীতি ২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) ও ৫(২) অনুসারে প্রস্তাবিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল দ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারে এমন কোন ব্যক্তি বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ব থাকলে এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২১ (একুশ) দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট (লেবেল-১২), ১১১, বীর উত্তম সি.আর.দত্ত রোড, ঢাকা-১২০৫ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য মাস্টারপ্লান অনুযায়ী পরিকল্পিতভাবে ভূমি উন্নয়নসহ শিল্পকারখানা স্থাপন করা হবে। এতদ্ব্যতীত অগ্নিনির্বাপণ ব্যবস্থা, পানি শোধনাগার, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (ETP) স্থাপন করা হবে।

তফসিল-১

জেলা: চট্টগ্রাম, উপজেলা: আনোয়ারা, মৌজার নাম: বাদলপুরা, জে.এল. নং-২৯

বি.এস. খতিয়ান নং: ১, ৯,১০, ৩১, ৩৩, ৪৫, ৫৬, ৫৭, ৫৯, ৬০, ৬১, ৬৫, ৬৭, ৯১, ৯২, ৯৮, ৯৯, ১০৮, ১১২, ১৩৮, ১৫৪, ১৬২, ১৬৩, ১৭০, ১৭৯, ১৯৩, ১৯৫ মোট-২৭ খতিয়ান ।

বি.এস. দাগ নং: ৪১, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৬, ৮৭, ৮৮, ৯২, ১০৮, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৬৮, ১৭১, ১৭২, ১৭৩, ১৭৪, ১৭৫, ১৭৬, ১৭৭, ১৭৮, ১৮২, ২১৯, ২২০, ২২১, ২২২, ২২৩, ২২৪, ২২৬, ২২৭, ২২৮, ২২৯, ২৩২, ২৩৫, ২৩৭ মোট-৭২ টি দাগ এবং জমির পরিমাণ ১৮.২৩ একর।

চৌহদ্দি: পূর্বে: বাদলপুরা মৌজা ও জন চলাচল গ্রামের রাস্তা, দক্ষিণে: মেরিন একাডেমী জেটি, উত্তরে: দক্ষিণ শাহ-মিরপুর মৌজা, পশ্চিমে: কর্ণফুলি নদী।

নিবন্ধন নম্বর ও সাল: ২৬৪১/০৮, ২৬৪৮/০৮, ৩৩৫৩/০৮, ৪৫০৫/০৮, ৯৭৭/০৯, ৯৭৮/০৯, ৯৮৭/০৯, ৪১৩৬/০৯, ৪২৭০/০৯, ৪২৭৫/০৯, ১৯৬২/১০, ১৯৭৪/১০, ২০৬৭/১০, ২০৭২/১০, ২০৭৫/১০, ২০৭৬/১০, ৩৩৩৩/১০, ৩৩৩৬/১০, ৩৮২১/১০, ২৯৭/১১, ২৯৮/১১, ৩০৭/১১, ৩১০/১১, ৩২২/১১, ৪৫৮/১১, ৪৯১/১১, ৫৩৬/১১, ৬৬১/১১, ৭২০/১১, ৭৫২/১১, ৪৮৬৪/১১, ৪৮৬৬/১১, ৪৮৮১/১১, ৫১৭৬/১১, ১৯৬৮/১২, ২৬৩৫/১৩, ১২৯২/১৪.

ড. গাজী মোঃ সাইফুজ্জামান
সচিব।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

পরিপত্র

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ/৩০ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : **Bangladesh GIS Platform (BGISP) গঠন প্রসংগে**

নং ৫২.০০৮.০১১.০৮.০০.৭০০.২০১৩-২৭১/২—বর্তমানে Geographic Information System (GIS)[১] পদ্ধতি ব্যবহারের মাধ্যমে পৃথিবীর নানাদেশে বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ নানাবিধ সেবামূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০১১ সালে ১২ মে তারিখে জেনেভায় অনুষ্ঠিত জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক কাউন্সিল (ECOSOC) এর সভায় মহাসচিবের (E/2011/89) রিপোর্টের উপর ভিত্তি করে 'UN Committee of Experts on Global Geospatial Information Management (GGIM)' নামে একটি কমিটি গঠিত হয়। এই কমিটি জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে Geospatial Database এর সাথে Statistics এর সমন্বয়ের মাধ্যমে টেকসই উন্নয়নে উদ্বুদ্ধ করছে। বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা তাদের নিজস্ব অথবা জাতীয় প্রয়োজনে GIS কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে এই সমস্ত সংস্থা কর্তৃক পরিচালিত GIS কার্যক্রম সম্পর্কে পরস্পরের মধ্যে তেমন কোন সমন্বয় না থাকার কারণে দ্বৈততা সৃষ্টির পাশাপাশি অর্থ ও সময়ের অপচয় হচ্ছে। সর্বোপরি, GIS কেন্দ্রিক কাঙ্খিত উন্নয়ন থেকে জাতি বঞ্চিত হচ্ছে। এ কারণে

---

[১] GIS বলতে Geographical Information System/Science/ Service/Society/Studies বুঝাবে;

GIS কার্যক্রমে সম্পৃক্ত সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ বা সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে GIS কার্যক্রমের সমন্বয় সাধন করা অত্যন্ত জরুরি এবং গুরুত্বপূর্ণ। সকল GIS সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় সাধন করা গেলে একে অপরের কাজ সম্পর্কে পরিষ্কার ধারণা লাভ এবং নিজেদের মধ্যে তথ্য/উপাত্ত আদান-প্রদানসহ জাতীয় প্রয়োজনে সমন্বিত উদ্যোগ গ্রহণের মাধ্যমে এতদবিষয়ে গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়ন করা সহজ হবে। দেশের সকল GIS তথ্য/উপাত্ত প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় এবং তাদের প্রস্তুতকৃত তথ্য/উপাত্ত একই স্থানে সংরক্ষণ করে জনগণের ব্যবহার উপযোগী করে তোলার লক্ষ্যে একটি প্ল্যাটফর্ম গঠন জরুরি হয়ে পড়েছে।

২। পরিসংখ্যান আইন, ২০১৩ এর ৬ ধারাবলে বাংলাদেশে GIS কার্যক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের[২] মধ্যে সমন্বয় সাধন এবং একই সাথানে এতদসংক্রান্ত সকল তথ্য/উপাত্ত সংরক্ষণ ও জনসাধারণের জন্য ব্যবহার উপযোগী করার লক্ষ্যে "Bangladesh GIS Platform (BGISP)" শিরোনামে একটি প্ল্যাটফর্ম গঠন করা হলো।

৩। এ প্লাটফরমটি সুষ্ঠু ও কার্যকরিভাবে পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে BGISP কমিটি গঠিত হবে:

সভাপতি

(১) অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

সদস্যবৃন্দ

(২) উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

(৩) প্রতিনিধি, সাধারণ অর্থনীতি বিভাগ

(৪) প্রতিনিধি, সার্ভে অব বাংলাদেশ

(৫) প্রতিনিধি, এটুআই কর্মসূচি, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৬) প্রতিনিধি, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

(৭) প্রতিনিধি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

(৮) প্রতিনিধি, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

(৯) প্রতিনিধি, তথ্য প্রযুক্তি অধিদপ্তর

(১০) প্রতিনিধি, বন অধিদপ্তর

(১১) প্রতিনিধি, সড়ক ও জনপথ অধিদপ্তর

(১২) প্রতিনিধি, কৃষি গবেষণা কাউন্সিল (BARC)

(১৩) প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

(১৪) প্রতিনিধি, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা

(১৫) প্রতিনিধি, বিআইডব্লিউটিএ (BIWTA)

(১৬) প্রতিনিধি, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (SRDI)

(১৭) প্রতিনিধি, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন

(১৮) প্রতিনিধি, পল্লী উন্নয়ন একাডেমী (RDA)

(১৯) প্রতিনিধি, সিইজিআইএস (CEGIS) ঢাকা

(২০) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

(২১) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

(২২) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

(২৩) প্রতিনিধি, নগর ও আঞ্চলিক ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়

(২৪) প্রতিনিধি, নগর ও আঞ্চলিক পরিকল্পনা বিভাগ, বুয়েট

(২৫) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(২৬) প্রতিনিধি, বিশ্বব্যাংক, ঢাকা অফিস

(২৭) প্রতিনিধি, এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) ঢাকা অফিস

(২৮) প্রতিনিধি, ইউএনএফপিএ, ঢাকা

(২৯) প্রতিনিধি, খাদ্য ও কৃষি সংস্থা (FAO) ঢাকা

(৩০) প্রতিনিধি, ইউএনডিপি, ঢাকা

(৩১) পরিচালক, সেন্সাস উইং, বিবিএস

সদস্য-সচিব

(৩২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস

---

[২] প্রতিষ্ঠানসমূহ বলতে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, পাবলিক বিশ্ববিদ্যালয়, উন্নয়ন সহযোগী ও আন্তর্জাতিক সংস্থা বুঝাবে।

৪। Bangladesh Geographical Information System Platform (BGISP) নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে:

ক. BGISP পরিসংখ্যান আইন, ২০১৩; তথ্য অধিকার আইন, ২০০৯ এবং GIS সংক্রান্ত বিধি-বিধান, নীতিমালা ইত্যাদি অনুসরণ করবে;

খ. প্রাথমিকভাবে বাংলাদেশে যেসব প্রতিষ্ঠান GIS সংক্রান্ত কাজের সাথে সম্পৃক্ত, সেসব প্রতিষ্ঠানকে এই Platform এর সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান GIS বিষয়ে অভিজ্ঞ একজন কর্মকর্তাকে ফোকাল পার্সন মনোনীত করবে। পরবর্তীতে Platform এর সদস্যদের মতামতের ভিত্তিতে GIS সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানকেও অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনা করবে;

গ. BGISP এর সকল সদস্য সংস্থা নিজ নিজ প্রতিষ্ঠান বা জাতীয় প্রয়োজনে কোন উল্লেখযোগ্য GIS সংক্রান্ত কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করার পূর্বে প্লাটফরমকে অবহিত করবে। এ বিষয়ে আলোচনার জন্য প্ল্যাটফর্ম যত দ্রুত সম্ভব সভা আহ্বান করবে। প্রস্তাবিত কার্যক্রম যাতে জাতীয় ও আন্তর্জাতিক মানদণ্ডে গ্রহণযোগ্য হয়, সে বিষয়ে প্ল্যাটফর্ম প্রয়োজনীয় পরামর্শ এবং কারিগরী সহযোগিতা প্রদান করবে;

ঘ. দ্বৈততা পরিহার, সময় ও অর্থ অপচয় রোধে একই ধরনের কাজ যাতে একাধিক প্রতিষ্ঠান দ্বারা সম্পাদিত না হয় সে বিষয়ে BGISP কার্যকর উদ্যোগ গ্রহণ করবে;

ঙ. দেশের টেকসই উন্নয়নের জন্য এই প্ল্যাটফর্ম GIS সম্পর্কে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের উত্তম চর্চাগুলো খুঁজে বের করে তা রূপায়নের উদ্যোগ গ্রহণ করবে;

চ. এই প্ল্যাটফর্মটি GIS সম্পর্কিত বিভিন্ন আঞ্চলিক (Asia-Pacific Spatial Data Infrastructure (APSDI) ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান (Global Spatial Data Infrastructure (GSDI), Global Earth Observation System of Systems (GEOSS), International Steering Committee for Global Mapping (ISCGM), Environmental Service Research Institute (ESRI) ইত্যাদির সাথে ঘনিষ্ঠ যোগাযোগ স্থাপন এবং তাদের সাথে এতদসংক্রান্ত হালফিল তথ্যাদি বিনিময় করবে;

ছ. জাতীয় পর্যায়ে GIS সংক্রান্ত Metadata তৈরি করতে সহায়তা প্রদান ও সমন্বয় সাধন করবে;

জ. এ প্ল্যাটফর্ম GIS সংক্রান্ত Data প্রস্তুত, সংরক্ষণ ও আদান-প্রদানসহ এর সার্বিক পরিচালনার দিক নির্দেশনামূলক একটি গাইডলাইন প্রণয়ন করবে;

ঝ. প্রাথমিকভাবে Bangladesh Bureau of Statistics (BBS) একটি Data Mining/Archive প্রতিষ্ঠা করে দেশের সকল GIS সংক্রান্ত তথ্য-উপাত্ত সংরক্ষণ ও বিতরণের উদ্যোগ গ্রহণ করবে;

ঞ. GIS কে সর্বস্তরে বিস্তৃতি লাভ Vector ও Raster Database এবং এর সুফল যাতে তৃণমূল পর্যায়ের জনসাধারণ পেতে পারে তার জন্য যেসব সংস্থা GIS বিষয়ে কার্যক্রম পরিচালনা করে-তাদেরকে প্ল্যাটফরমের পক্ষ থেকে নানা ধরনের উৎসাহ ও প্রণোদনা প্রদান করা হবে। BGISP বিভিন্ন সময়ে বিভিন্ন কর্মসূচি যেমন, জিআইএস দিবস প্রবর্তন, জিআইএস মেলা, রোড-শো, সভা/সেমিনার ইত্যাদির আয়োজন করবে;

ট. BBS এর অধীনে BGISP এর একটি স্বতন্ত্র Website তৈরি করে সেখানে GIS সংক্রান্ত সকল তথ্য প্রকাশ ও প্রযোজ্য ক্ষেত্রে Download করার যাবতীয় সুযোগ সৃষ্টি করা হবে;

ঠ. ন্যূনতম প্রতি ৩ মাসে এই প্ল্যাটফর্মের সভা অনুষ্ঠিত হবে;

ড. বাস্তবতার প্রেক্ষাপটে GIS প্ল্যাটফরম এই পরিপত্রে বর্ণিত কার্যাবলীর পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন করতে পারবে;

ঢ. এই প্ল্যাটফর্ম National Spatial Data Infrastructure (NSDI) এর উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে, যার মাধ্যমে Geospatial তথ্যাদি সংক্রান্ত নীতি প্রণয়ন এবং কারিগরী বিষয়সমূহের উন্নয়ন সাধন সম্ভব হবে।

৫। BGISP কমিটি প্রয়োজনে কোন অভিজ্ঞ ব্যক্তি বা বিশেষ কোন প্রতিষ্ঠানকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

৬। জনস্বার্থে এই পরিপত্র জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

মোঃ সফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব।